



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড  
প্রশাসন শাখা



স্মার: ২৪.০৬.০০০০.০১০.৩১.০১৭.২০.২০২

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৭

১৩ অক্টোবর ২০২০

## অফিস আদেশ

সরকারের পেনশন সহজিকরণ নীতিমালার আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড ও এর আওতাধীন সকল কার্যালয় হতে পিআরএল মনকারী/মৃত কর্মচারীগণের ১৮ মাসের (লাস্পগ্রান্ট) ছুটি নগদায়ন বিল/গ্রাচুইটি বিল সরাসরি বোর্ড প্রধান কার্যালয় হতে পরিশোধ করা হবে। ফলে উক্ত (লাস্পগ্রান্ট) টি নগদায়ন বিল/গ্রাচুইটি বিল প্রাপ্যতার কমপক্ষে ১(এক) মাস পূর্বে স্ব-স্ব কার্যালয় হতে নিম্নবর্ণিত কাগজপত্র পরিচালক (প্রশাসন), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী বরাবরে প্রেরণ করতে হবে।

। অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের গ্রাচুইটির আবেদনের সাথে গ্রাচুইটির অর্থ মঞ্জুরীর আদেশের কপি, বার্ষিক বর্ধিত বেতনের আদেশের কপি ও রেভিনিউ স্ট্যাম্প স্বলিত সংশ্লিষ্ট ছুটি নগদায়ন বিল/ গ্রাচুইটির বিল দাখিল করতে হবে।

। মৃত কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিলের সাথে স্থানীয় চেয়ারম্যান/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত মৃত্যু সনদ পত্র, ওয়ারিশান সনদপত্র, অর্থ উত্তোলনের ক্ষমতা পত্র, স্বামী-স্ত্রী উভয়ের বৈবাহিক প্রত্যয়নপত্র সহ প্রয়োজনে কোর্ট অথবা নোটারী পাবলিকের বন্টননামার কপি সংযুক্ত করতে হবে।

। সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে অন্যান্য সকল কার্যালয় হতে তাঁর অধীনে কর্মরত পিআরএল গমনেচ্ছুক কর্মকর্তা/কর্মচারীদের দেনা-পাওনার চূড়ান্ত হিসাব গ্রহণপূর্বক বিলের সাথে সংযুক্ত করতে হবে। প্রয়োজনে না-দাবী প্রত্যয়ন পত্র সংযুক্ত করতে হবে। এক্ষেত্রে দেনা পাওনার হিসাব প্রেরণের পর কোন দায়-দেনা/পতি উত্থাপিত হলে সংশ্লিষ্ট জোন/রিজিওনের কর্তৃপক্ষকেই দায়ী থাকতে হবে।

। অভ্যন্তরীণ/বানিজ্যিক নিরীক্ষা আপত্তিকৃত অর্থ (যদি থাকে) সংস্থার অন্যান্য দায় দেনার সাথে উল্লেখ করতে হবে।

। অত্র বোর্ডে গ্রাচুইটি বিল হতে (কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারণকৃত পাওনাদি) কর্তনকৃত অর্থ সংশ্লিষ্ট কার্যালয়ের জার্নালের মাধ্যমে সমন্বয় করে ব্যক্তিগত খতিয়ানে হ্রাসভুক্ত করতে হবে।

। গ্রাচুইটি প্রাপ্য অবসর গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে তার ব্যাংক হিসাব নম্বর এবং ব্যাংকের নাম ও ঠিকানা আবেদনপত্রে উল্লেখ করতে হবে এবং রনোত্তর কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রেও ওয়ারিশগণের ব্যাংক হিসাব নম্বর উল্লেখ করতে হবে।

১৪-১০-২০২০

সৈয়দ মোস্তাক হাসান

সচিব

স্মার: ২৪.০৬.০০০০.০১০.৩১.০১৭.২০.২০২/১(২৬)

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৭

১৩ অক্টোবর ২০২০

মবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) পরিচালক (অর্থ ও পরিকল্পনা)/(সম্প্রসারণ)/(উৎপাদন ও বিপণন)/(প্রশাসন)/(গবেষণা ও প্রশিক্ষণ), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ২) প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/প্রধান পরিকল্পনা/প্রধান উৎপাদন ও বাজারজাতকরণ কর্মকর্তা/প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ৩) উর্ধ্বতন উপ-প্রধান (সমন্বয়), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ৪) উপপরিচালক, আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রাজশাহী, রংপুর, যশোর, ঢাকা, রাঙামাটি।
- ৫) জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ৬) সহকারী পরিচালক, জোনাল রেশম সম্প্রসারণ কার্যালয়, ভোলাহাট/সিরাজগঞ্জ/গোপালগঞ্জ/বগুড়া/ঠাকুরগাঁও/গাজীপুর/কুমিল্লা।
- ৭) পি এ টু-মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

১৪-১০-২০২০

সৈয়দ মোস্তাক হাসান

সচিব